



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : [iprd@bou.ac.bd](mailto:iprd@bou.ac.bd)

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত  
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

## প্রেস রিলিজ

৩০ নভেম্বর ২০২২

### বাউবি'তে কর্মচারীদের পেশাগত উন্নয়নে শুদ্ধাচার শীর্ষক প্রশিক্ষণ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) ও শুদ্ধাচার কমিটির যৌথ উদ্যোগে আজ ৩০ নভেম্বর ২০২২; বুধবার বাউবির মূল ক্যাম্পাসের সেমিনার হলে ‘বাউবি’র কর্মচারীদের পেশাগত উন্নয়নে শুদ্ধাচার’ শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি’র প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু।



প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বাউবি’র প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু এবং ডানে প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মচারীবৃন্দ

বিশেষ অতিথি হিসেবে ছিলেন বাউবির ট্রেজারার ও স্কুল অব বিজনেসের ডিন অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। শুভেচ্ছা বক্তব্য রাখেন আইকিউএসি’র পরিচালক অধ্যাপক আনোয়ারুল ইসলাম। কর্মশালায় রিসোর্সপার্সন হিসেবে ছিলেন অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম ও এসিসট্যান্ট চিফ ক্যাম্পাস সুপারভাইজার মোঃ বদরুল ইসলাম। দুপুরে কর্মশালায় সমাপ্তি বক্তব্য প্রদান করেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা। কর্মশালা সফল করতে আইকিউএসি’র কর্মকর্তা মোঃ সাইফুল ইসলাম মজুমদার এবং আর কে সুমন সহকারী হিসেবে দায়িত্বরত ছিলেন।

ড. আ.ফ.ম মেসবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)